দৈনিক সংবাদ

তারিখ ..29 SEP 1991.........
পৃষ্ঠা... ৭ ......কলাম ... ৬ ...

75

# ঢাকা বিশ্ববিদ্যালয় এক গভীর সংকটের মধ্য দিয়ে যাচ্ছে ঃ উপাচার্য

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মনিরুজ্জামান মিঞা বলেছেন, বর্তমান সময়ে ঢাকা বিশ্ববিদ্যালয় এক গভীর সংকটের মধ্য দিয়ে যাচ্ছে। তিনি বলেন, আমার ২৬ বছরের শিক্ষকতা জীবনে বিশ্ববিদ্যালয়ের এমন অবস্থা আর দেখিনি।

উপাচার্য সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ে সাংবাদিক সমিতি আয়োজিত সংগঠনের বিদায়ী সদস্যদের সম্বর্ধনা অনুষ্ঠানে এ কথা বলেন।

সাংবাদিক সমিতির সভাপতি কোরবান আলী জোয়ার্দারের সভাপতিত্বে টি,এস,টি মিলনায়তনে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপ-উপাচার্য অধ্যাপক ওয়াকিল আহমেদ, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক আনোয়ার উল্লাহ চৌধুরীও বক্তব্য রাখেন।

অনুষ্ঠানের শুরুতে স্বাগত ভাষণ দেন সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেন। বিদায়ী সদস্যদের মধ্য থেকে স্মৃতিচারণ করেন খায়রুল আনোয়ার, আইনী ইলিয়াস, রেজানুর রহমান, রেজোয়ানুল হক রাজা, ফকরুল আনাম কাঞ্চন, নাজমুল আশরাফ জুনায়েদ হালিম ও কৃষ্ণপদ রায়। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে সঙ্গীত পরিবেশন করেন সুমনা হক ও মহিউজ্জামান ময়না।